**একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত**

# বাংলাদেশ নির্বাচন কমিশন

**নির্বাচন কমিশন সচিবালয়**
**আগারগাঁও, ঢাকা**
**www.ecs.gov.bd**

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১- ২৫৪ তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ / ১০ মে ২০২২ খ্রিস্টাব্দ

**পরিপত্র-৫**

**বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২ উপলক্ষে ছবিসহ ভোটার তালিকা ব্যবহার, রেজিস্ট্রেশন টিম, অপারেটর সংখ্যা ও টিম ব্যবহার, টিমের অন্যান্য সদস্য সংখ্যা, যন্ত্রপাতি ইত্যাদি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২ উপলক্ষে ভোটার তালিকা ব্যবহার, রেজিস্ট্রেশন টিম, অপারেটর, রেজিস্ট্রেশন টিমের ব্যবহার ও টিমের অন্যান্য সদস্য সংখ্যা নির্ধারণ বিষয়ে বিশেষ নির্দেশনাসমূহ নিম্নরূপঃ

(ক) **তথ্য সংগ্রহকারীদের ভোটার তালিকা ব্যবহারঃ** মৃত ভোটারের নাম কর্তনের জন্য একসেট ছবিসহ ভোটার তালিকা (সর্বশেষ অনুষ্ঠিত ইউনিয়র পরিষদ নির্বাচন/জাতীয় সংসদ নির্বাচনের অব্যবহৃত ভোটার তালিকা) তথ্যসংগ্রহকারীদের সরবরাহ করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে ছবিসহ ভোটার তালিকা ব্যবহার করা যেতে পারে। সরবরাহকৃত তালিকা মৃত ভোটারের নাম ও ভোটার নম্বর ফরম-১২-এ সঠিকভাবে লিপিবদ্ধ করার কাজে তা ব্যবহৃত হবে। একই সাথে তারা সরবরাহকৃত ভোটার তালিকায় মৃত ব্যক্তির নম্বরটি মার্ক করে আনতে পারে। তবে তথ্য সংগ্রহ শেষে অবশ্যই অন্যান্য ফরমের সাথে এই তালিকাটি অফিসে জমা দিতে হবে এবং তা সংরক্ষণ করতে হবে।

(খ) **রেজিস্ট্রেশন টিমঃ** প্রত্যেকটি জেলার জন্য প্রয়োজনীয় সংখ্যক টিম গঠন ও টিমে প্রয়োজন অনুযায়ী অপারেটরের সংখ্যা কম বেশি হতে পারে। কাজেই একই জেলার এক টিমের সাথে অন্যান্য টিমের অপারেটর সংখ্যার মিল নাও থাকতে পারে।

(গ) **রেজিস্ট্রেশন টিম প্রতি অপারেটরের সংখ্যাঃ** সংশ্লিষ্ট জেলার উপজেলা/থানার সংখ্যা এবং ভোটার সংখ্যা অনুপাতে টিম সংখ্যা সকল টিমে সমসংখ্যক অপারেটর নাও থাকতে পারে । ইউনিয়ন এবং ভোটার সংখ্যা বিবেচনায় সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার প্রয়োজনমতে প্রাপ্ত BVRS সফটওয়্যার সম্পর্কে ল্যাপটপ ও অন্যান্য ইকুইপমেন্টের পর্যাপ্ততা বিবেচনায় নিয়ে টিমে অপারেটর সংখ্যা ৪ হতে ১০ এর মধ্যে রাখতে পারবেন (সিটি ক র্পোরেশন, বড় আয়তনের পৌরসভা ও পাহাড়ী এলাকার জন্য এ সংখ্যা ভিন্ন হতে পারে)।

(ঘ) **রেজিস্ট্রেশন টিমের ব্যবহারঃ** সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার কম ভোটার সম্পন্ন উপজেলা/থানায় একটি এবং অধিক ভোটার সংখ্যা সম্বলিত উপজেলা/থানায় কম সময়ে এবং প্রদত্ত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন করতে প্রয়োজনে একাধিক টিম বা অধিক সংখ্যক আপারেটর সম্পন্ন টিম নিয়োজিত করতে পারবেন। অধিক ভোটার বা বড় উপজেলা/থানায় এক টিম ব্যবহার করে নিবন্ধন করলে সময় এবং খরচ উভয়ই বেশী লাগবে যা পরিহার করতে হবে। প্রতিটি জেলার জন্য অবশ্যই নিবন্ধনের জন্য নির্ধারিত সময়সীমা যাতে আতিক্রম না করে সেভাবেই নিবন্ধন পরিকল্পনা করতে হবে। প্রতিটি জেলার জন্য কতটি টিম এবং কতজন অপারেটর কাজ করলে কতদিন সময় লাগবে তা গাণিতিক হিসেব করেই কেন্দ্রীয় পরিকল্পনা এবং বাজেট প্রাক্কলন করা হয়েছে। এজন্য সকলকেই আন্তরিকভাবে এবং সঠিক পরিকল্পনার মাধ্যমে সময়সীমা ঠিক রেখে সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করতে হবে। তা না হলে বাজেট সমস্যাসহ নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ শেষ করা যাবে না এবং পরবর্তী খসড়া ভোটার তালিকা প্রস্তুতে সমস্যার সৃষ্টি হবে।

(ঙ) **টিমের অন্যান্য সদস্য সংখ্যাঃ** একটি টিমে অপারেটর ছাড়াও একজন করে টিম লিডার, একজন করে ডাটা এন্ট্রি হেলপার ও দুই বা প্রয়োজনে তিনজন করে প্রুফ রিডার রাখতে হবে। এছাড়া প্রতিটি উপজেলা/থানায় একজন টেকনিক্যাল সাপোর্ট থাকবে এবং একই জেলায় একাধিক উপজেলায় একযোগে নিবন্ধন চললে প্রতিটি উপজেলার জন্য আলাদা টেকনিক্যাল সাপোর্ট নিয়োগ দিতে হবে। এর বাইরে প্রতিটি অঞ্চলে একজন সহকারী প্রোগ্রা ার থাকবে যিনি আইডিয়া-২ প্রকল্প হতে নিয়োগপ্রাপ্ত হবেন। এছাড়া অন্যান্য সকল সদস্য স্থানীয়ভাবে সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারগণ নিয়োগ করবেন। বর্তমান হালনাগাদ কার্যক্রমে প্রুফ রিডারগণ নির্ধারিত আবশ্যকীয় ফিল্ডসমূহ নতুন করে ডাটা এন্ট্রি করবেন। ডাটা এন্ট্রি অপারেটরের এন্ট্রিকৃত তথ্যের সাথে মিল না থাকলে ল্যাপটপ/কম্পিউটারে সংকেত দিবে সেক্ষেত্রে ২নং ফরমের সাথে তথ্য ভালভাবে মিলিয়ে নিতে হবে। ডাটা এন্ট্রিতে দক্ষ প্রুফ রিডারকে নিয়োগ দিতে হবে এবং প্রুফ রিডারের সংখ্যা দুই এর অধিক রাখা সমীচীন হবে।

(চ) **নিবন্ধন পরিকল্পনাঃ** কেন্দ্রীয় গাইডলাইন অনুসরণ করে প্রতিটি জেলা থেকে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন অফিসারের সহায়তায় উপজেলা/থানাভিত্তিক নিবন্ধন পরিকল্পনা প্রস্তুত করে সচিবালয়কে অবহিত করতে হবে। প্রতিটি উপজেলা/থানার নিবন্ধনের পূর্বে ২-৩ দিন হাতে রেখে তার পূর্ববর্তী ৩ সপ্তাহ তথ্য সংগ্রহ করতে হবে। সকল উপজেলা/থানায় একযোগে তথ্য সংগ্রহ করার প্রয়োজন নেই। প্রতিদিন প্রতিটি উপজেলা/থানায় যতজন ডাটা এন্ট্রি অপারেটর কাজ করবে তত গুণ ৭০ জন ভোটারকে একেকদিন নিবন্ধন কেন্দ্রে আমন্ত্রন জানাতে হবে। কোন ক্রমেই প্রথমদিকে এর চেয়ে বেশী সংখ্যক আবেদনকারীকে আমন্ত্রন জানানো সঠিক হবে না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ছ) **নিবন্ধনের সময় ১০ আঙ্গুলের ছাপ ও আইরিশ এর প্রতিচ্ছবি গ্রহণঃ** স্মার্ট কার্ড বিতরণের সময় যেভাবে ১০ আঙ্গুলের ছাপ ও আইরিশ নেয়া হয়েছিল, এবারের হালনাগাদে একইভাবে নিবন্ধন কেন্দ্রে বায়োমেট্রিক হিসেবে ছবি ও স্বাক্ষরের পাশাপাশি ভোটারের ১০ আঙ্গুলের ছাপ ও আইরিশ নিতে হবে এবং তা নিরাপদে সংরক্ষণ করতে হবে।

(জ) **নিবন্ধন কেন্দ্রে ডাটা এন্ট্রির পর আবশ্যকীয় ফিল্ডসমূহের যথাঃ নাম, পিতা/মাতা/স্বামী/স্ত্রীর নাম ও জন্ম তারিখ ইত্যাদি ডাটার একটি প্রিন্ট কপি ভোটারকে প্রুফ করে দেয়ার জন্য ব্যবস্থা থাকবেঃ** টাইপিং ভুল কমাতে এবারই প্রথম বারের মত ভোটারকে একটি প্রিন্ট কপি দেখাতে হবে এবং তাতে কোন ভুল থাকলে তা লিখে নিয়ে ভোটারের স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং নিবন্ধন ফরমের সাথে শিক্ষা সনদ ও জন্ম সনদের ন্যায় এটিও ডাটাবেজে স্ক্যান করে সংযুক্ত করে রাখতে হবে। এজন্য প্রতিটি রেজিস্ট্রেশন সেন্টারে একটি করে ডকুমেন্ট প্রিন্টার থাকবে যা নেটওয়ার্ক করে ব্যবহার করতে হবে।

(ঝ) **নিবন্ধন কার্যক্রমে ব্যবহৃত যন্ত্রপাতিঃ** ল্যাপটপ, আইরিশ, দশ আঙ্গুলের ফিংগার প্রিন্ট মেশিন ও অন্যান্য যন্ত্রপাতির ব্যবহার বর্তমানের হালনাগাদ কার্যক্রমে ব্যবহৃতব্য মেশিনসমূহ বিশেষ করে ল্যাপটপ, আইরিশ ও দশ আঙ্গুলের ফিংগার প্রিন্ট ক্যামেরা ইত্যাদি পর্যাপ্ত পরিমাণ উপজেলা/থানা নির্বাচন অফিস/জেলা নির্বাচন অফিসসমূহে রয়েছে। এর অতিরিক্ত উপজেলা/থানাভিত্তিক ২টি করে ল্যাপটপ এবং ১টি করে প্রিন্টার প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায়, যেকোন জেলার অধীক্ষেত্রাধীন উপজেলা/থানায় প্রয়োজনীয় ইকুইপমেন্ট সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার এবং জেলার ইকুইপমেন্ট জেলা হতে সরবরাহের অপ্রতুলতায় সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা অন্য জেলা হতে সমন্বয় করে কার্যাদি সম্পাদন করবেন। যেসব উপজেলা/থানায় ল্যাপটপ/ডেস্কটপ অকেজো রয়েছে সেসব উপজেলা/থানার অকেজো ল্যাপটপের লাইসেন্স নতুন ল্যাপটপে ব্যবহার করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের আইটি শাখার সাথে যোগাযোগ করে ঠিক করে নিতে হবে। আর যেসব উপজেলা/থানায় সার্ভার নষ্ট, সেসব উপজেলা/থানায় নতুন সার্ভার সরবরাহ করা হবে।

(ঞ) **আনসার-ভিডিপি এবং চৌকিদার ও দফাদার-এর সম্মানীঃ** প্রতি রেজিস্ট্রেশন কেন্দ্রে ২ জন আনসার/ভিডিপি সদস্য প্রতিদিন প্রতি জন ৬০০/- টাকা হারে এবং ইউনিয়ন পর্যায়ে 'তি রেজিস্ট্রেশন কেন্দ্রে ১০ জন চৌকিদার ও দফাদারের জন্য প্রতি কেন্দ্রে ১ দিনের জন্য জনপ্রতি ৫০০/- টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পাবেন। এছাড়া, ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০২২-এর অন্যান্য দফার খাতভিত্তিক ব্যয় প্রাক্কলন পরিশিষ্ট-ক/দ্রষ্টব্য।

(ট) **চলমান কার্যক্রমঃ** হালনাগাদের পাশাপাশি প্রবাসী বাংলাদেশীদের নতুন অন্তর্ভুক্তি এবং অন্যান্যদের কার্যক্রম চলমান রাখতে হবে। হালানাগাদ কার্যক্রমে তথ্যসংগ্রহকারীগণ ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করবেন। একাজের অতিরিক্ত কোন প্রবাসী বাংলাদেশী ভোটার বা অন্য কোন ভোটার নতুন অন্তর্ভুক্তি, স্থানান্তর, কর্তন বা জাতীয় পরিচয়পত্র সংশোধনের জন্য উপজেলা/থানা নির্বাচন অফিসে হাজির হলে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল সাপেক্ষে নতুন অন্তর্ভুক্তি, স্থানান্তর, কর্তন বা জাতীয় পরিচয়পত্র সংশোধন চলমান রাখতে হবে। কোন অবস্থাতেই হালনাগাদের অজুহাতে অফিসের এসব কার্যক্রম বন্ধ রাখা যাবে না।

২। উপর্যুক্ত নির্দেশনাসমূহ অনুসরণ ও প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

১৭.৫.২০২২
(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪

উপজেলা/থানা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার,............................(সকল)।

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১- ২৫৪

তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১০ মে ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
০২। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৩। প্রকল্প পরিচালক, আইডিয়া-২ প্রকল্প, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
০৫। পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা/পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৬। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধক্রমে)
০৭। সিস্টেম ম্যানেজার (কারিগরি), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,...........................(সকল)
০৯। উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ............(সংশ্লিষ্ট)
১১। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার.............................নিকস/এনআইডি/ইটিআই
১৩। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ.......................(মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫। একান্ত সচিব, সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৭.৫.২০২২
(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৪৪।